রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

বৃহস্পতিবার, নভেম্বর ২৬, ১৯৯২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য মন্ত্রণালয়

শাখা সংস্থাপন-৩

প্রজ্ঞাপন

ঢাকা, ২৬শে নভেম্বর, ১৯৯২/১২ই অগ্রহায়ণ, ১৩৯৯

এস, আর, ও নং ২৫৫-আইন/৯২—National Broadcasting Ordinance, 1986 (XXXII of 1986) এর Section 16 এ প্রদত্ত ক্ষমতা বলে সরকার গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা ঃ—

১। সংক্ষিপ্ত শিরোনাম।—এই বিধিমালা বাংলাদেশ টেলিভিশন (গেজেটেড ও নন-গেজেটেড কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৯২ সংশোধিত নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় কিংবা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এ বিধিমালায়—

(ক) "জাতীয় সম্প্রচার কর্তৃপক্ষ" অর্থ National Broadcasting Authority ;

(খ) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্মকমিশন ;

(গ) "তফসিল" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল;

(ঘ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার বা এই বিধিমালার উদ্দেশ্যে পূরণকল্পে সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোন কর্মকর্তা ;



মূল্য ঃ টাকা ১০·০০

মোঃ শহিদুল ইসলাম
অতিরিক্ত পরিচালক (প্রশাসন)
বাংলাদেশ টেলিভিশন
প্রধান কার্যালয়
রামপুরা, ঢাকা।

(ঙ) "পদ" অর্থ তফসিলে উল্লেখিত কোন পদ ;

(চ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লেখিত যোগ্যতা ;

(ছ) "ফিডার পদ" অর্থ কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে যে পদ হইতে পদোন্নতি দেওয়া যায় মর্মে তফসিলে ৪নং কলামে উল্লেখ আছে সেই পদ ;

(জ) "শিক্ষানবিস" অর্থ কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি ;

(ঝ) "স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড" বা "স্বীকৃতিপ্রাপ্ত ইনস্টিটিউট" বা "স্বীকৃতিপ্রাপ্ত প্রতিষ্ঠান" অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান বুঝাইবে এবং এই বিধিমালার উদ্দেশ্যে পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয়, বোর্ড, ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি**।—(১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্যে পূরণকল্পে পদ সংরক্ষণ সংক্রান্ত সরকারী নির্দেশাবলী সাপেক্ষে, কোন পদে নিম্ন বিধৃত পদ্ধতিতে নিয়োগদান করা হইবেঃ

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে ;

(খ) পদোন্নতির মাধ্যমে ;

(গ) প্রেষণে বদলীর মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা হইবে না, যদি তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়ঃসীমার মধ্যে না হয়ঃ

তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তিকে কোন পদে এড্‌হক ভিত্তিতে এই বিধিমালা জারীর পূর্বে নিয়োগ করা হইয়া থাকিলে, উক্ত পদে অব্যাহতভাবে নিযুক্ত থাকাকালীন কার্যকালের জন্য তাহার সর্বোচ্চ সময় সীমা শিথিল করা যাইতে পারে।

৪। **সরাসরি নিয়োগ**।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোন পদে সরাসরি নিয়োগ করা চলিবে না।

(৩) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন ; অথবা



(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোন পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য পরিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড বা ক্ষেত্রবিশেষে তৎকর্তৃক মনোনীত কোন মেডিক্যাল অফিসার এই মর্মে প্রত্যায়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগ যোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে ; এবং

(খ) এইরূপে বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিবুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৫) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লেখিত ফিসহ যথাযথ ফরম ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন ; এবং

(খ) সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় উর্ধতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ**।—(১) এতদুদ্দেশ্যে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবেঃ

তবে শর্ত থাকে যে, ৩য় শ্রেণী হইতে ২য় শ্রেণী এবং ৩য় ও ২য় শ্রেণী হইতে ১ম শ্রেণীর পদে কমিশনের সুপারিশ ব্যতীত পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে না।

(২) যদি কোন ব্যক্তির চাকুরী বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

(৩) তফসিলের ক্রমিক নং ৭, ৭৭, ১০২, ১১৮, ১৩০, ১৪৮, ও ১৯৬ এর যথাক্রমে প্রযোজক গ্রেড-২, চিত্রগ্রাহক গ্রেড-২, সহকারী পরিচালক (অর্থ) গ্রেড-২, টিভি প্রকৌশলী গ্রেড-২, সহকারী শীতাতপ রক্ষণ প্রকৌশলী গ্রেড-২, সহকারী পরিচালক (প্রশাসন) গ্রেড-২, বিজ্ঞাপন আধিকারিক গ্রেড-২ পদে পদোন্নতি ও সরাসরি নিয়োগের কোটা নির্ধারণের ক্ষেত্রে ঐ সকল পদের একস্তর উচ্চতর ধাপের গ্রেড-১ পদের সংখ্যাসহ হিসাব করিয়া কোটা নির্ধারণ করিতে হইবে। এই ক্ষেত্রে গ্রেড-২ পদসমূহে পদোন্নতি প্রাপ্ত কর্মকর্তাদিগকে গ্রেড-১ পদে পদোন্নতি পাওয়ার পরও পদোন্নতি কোটায় নিযুক্ত বলিয়া ধরিতে হইবে, অপরদিকে, গ্রেড-২ পদে সরাসরি নিয়োগ প্রাপ্ত কর্মকর্তাদিগকে গ্রেড-১ পদে পদোন্নতি পাওয়ার পরও সরাসরি কোটায় নিয়োগ প্রাপ্ত বলিয়া ধরিতে হইবে।

৬। **শিক্ষানবিশ।**— (১) স্থায়ী শূন্য পদের বিপরীতে কোন পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিশ হিসাবে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, স্থায়ী নিয়োগের তারিখ হইতে দুই বৎসরের জন্য ; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য নিয়োগ করা হইবে :

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিসি মেয়াদ এইরূপ সম্প্রসারণ করিতে পারেন যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসির মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই সে ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন ;

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিসির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিসির মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে (৪) উপবিধির বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবেন ; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন ; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোন শিক্ষানবিসকে কোন পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারী আদেশবলে সময়ে সময়ে যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি পাস করেন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

৭। **রহিতকরণ।**— এতদ্বারা ৯ই মার্চ, ১৯৯২ ইং/২৫শে ফাল্গুন, ১৩৯৮ বাং তারিখের এস, আর, ও নং ৫৫-আইন/৯২ মাধ্যমে জারীকৃত বাংলাদেশ টেলিভিশন (গেজেটেড ও নন-গেজেটেড কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৯২ রহিত (Repealed) করা হইল।



তফসিল

তফসিল অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। | মহা পরিচালক | .. | (ক) উপ-মহা পরিচালক (অনুষ্ঠান)/উপ-মহা-পরিচালক (বার্তা)/প্রধান প্রকৌশলী পদ হইতে পদোন্নতির মাধ্যমে।<br>(খ) পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে প্রেষণে বদলীর মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে :— এক বা একাধিক ফিডার পদে কমপক্ষে ৩ (তিন) বৎসরের চাকুরী। |
| | অনুষ্ঠান শাখা | | | |
| ২। | উপ-মহাপরিচালক (অনুষ্ঠান) | .. | (ক) পরিচালক (অনুষ্ঠান ও পরিকল্পনা)/পরিচালক ইন্টারন্যাশনাল রিলেশন, ফরেন প্রোগ্রাম এণ্ড নিয়াজোঁ/জেনারেল ম্যানেজার/পরিচালক (বহিঃদৃশ্য নির্ভর তথ্যচিত্র ও ভিডিও ইউনিট)/পরিচালক (উন্নয়নমূলক অনুষ্ঠান সংক্রান্ত চলচ্চিত্র ইউনিট) পদ হইতে পদোন্নতির মাধ্যমে।<br>(খ) পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে প্রেষণে বদলীর মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে :- এক বা একাধিক ফিডার পদে কমপক্ষে ৩ (তিন) বৎসরের চাকুরী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৩। | পরিচালক (অনুষ্ঠান ও পরিকল্পনা)/পরিচালক (ইন্টারন্যাশনাল রিলেশন, ফরেন প্রোগ্রাম এণ্ড নিয়াজোঁ)/জেনারেল ম্যানেজার/পরিচালক (বহিঃদৃশ্য নির্ভর তথ্য চিত্র ও ভিডিও ইউনিট)/পরিচালক (উন্নয়নমূলক অনুষ্ঠান সংক্রান্ত চলচ্চিত্র ইউনিট)। | .. | (ক) ক্রমিক ৪ এ উল্লিখিত অনুষ্ঠান নির্বাহী/কন্ট্রোলার/প্রোগ্রাম ম্যানেজার পদ হইতে পদোন্নতির মাধ্যমে।<br>(খ) পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে প্রেষণে বদলীর মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে :— এক বা একাধিক ফিডার পদে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ৪। | অনুষ্ঠান নির্বাহী/কন্ট্রোলার/প্রোগ্রাম ম্যানেজার। | .. | (ক) নির্বাহী প্রযোজক এবং উপস্থাপন সম্পাদক পদ হইতে পদোন্নতির মাধ্যমে।<br>(খ) পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে প্রেষণে বদলীর মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে :- এক বা একাধিক ফিডার পদে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ৫। | নির্বাহী প্রযোজক | .. | প্রযোজক (গ্রেড-১) ও প্রযোজক (গ্রেড-২) পদ হইতে পদোন্নতির মাধ্যমে, তবে প্রথমোক্ত পদধারীগণ অগ্রাধিকার পাইবেন। | এক বা একাধিক ফিডার পদে কমপক্ষে মোট ৭ (সাত) বৎসরের চাকুরী। |
| ৬। | প্রযোজক (গ্রেড-১) | .. | প্রযোজক (গ্রেড-২) পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে কমপক্ষে ৪ (চার) বৎসরের চাকুরী। |
| ৭। | প্রযোজক (গ্রেড-২) | .. | (১) ৫০% পদ নিম্নলিখিত গ্রুপের পদসমূহ হইতে পদোন্নতির মাধ্যমে, তবে (ক) গ্রুপের পদধারীগণ অগ্রাধিকার পাইবেন:<br>(ক) সহযোগী প্রযোজক এবং<br>(খ) প্রযোজনা সহযোগী/প্রযোজনা সহকারী ; এবং | (১) পদোন্নতির ক্ষেত্রে :- ৪নং কলামে (ক) গ্রুপের ফিডার পদে কমপক্ষে ০৩ (তিন) বৎসর চাকুরী এবং (খ) গ্রুপের ফিডার পদে কমপক্ষে ১০ (দশ) বৎসরের চাকুরী। |



| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | অনূর্ধ ৩০ বৎসর | (২) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে<br>(৩) বিধি ৫(৩) অনুসারে প্রযোজক(গ্রেড-১) এবং প্রযোজক (গ্রেড-২) উভয়ের মোট পদ একত্রে হিসাব করিয়া উপরোক্ত কোটা নির্ধারণ করিতে হইবে। | (২) সরাসরি নিয়োগের ক্ষেত্রে :— কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে কমপক্ষে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |
| ৮। | সহযোগী প্রযোজক | .. | প্রযোজনা সহযোগী/প্রযোজনা সহকারী পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | এক বা একাধিক ফিডার পদে কমপক্ষে ০৬(ছয়) বৎসরের চাকুরী। |
| ৯। | প্রযোজনা সহযোগী/প্রযোজনা সহকারী | .. | (১) ৭৫% পদ অনুলিপিকার-কাম-মুদ্রাক্ষরিক/নথি রক্ষক এবং অনুষ্ঠান তথ্য সহকারী পদ হইতে পদোন্নতির মাধ্যমে :<br>তবে শর্ত থাকে যে, উপরোক্ত তিনটি ফিডার পদ অবলুপ্তির পরে এই কোটার পদে সরাসরি নিয়োগের মাধ্যমে নিয়োগ করা হইবে। | (১) পদোন্নতির ক্ষেত্রে : এক বা একাধিক ফিডার পদে কমপক্ষে ০৭(সাত) বৎসরের চাকুরী। |
| | | অনূর্ধ ৩০ বৎসর | (২) ২৫% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | (২) সরাসরি নিয়োগের ক্ষেত্রে :— কোন স্বিকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে কমপক্ষে স্নাতক ডিগ্রী। |
| ১০। | অনুলিপিকার-কাম-মুদ্রাক্ষরিক | | সংস্থাপন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত The Typist (Ministries/Divisions and Attached Departments) Recruitment Rules, 1978 No. S.R.O. 275-L/78-ED/(R-II)R-10/78 এবং এস আর ও ২৮৬-আইন/৮৭ সং মঃ/বিধি-১/আর-৩০-৮৭, তারিখ১৪-১২-৮৭ ইং অনুযায়ী। | |
| ১১। | অনুষ্ঠান তথ্য সহকারী | অনূর্ধ ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃতিপ্রাপ্ত শিক্ষাবোর্ড হইতে কমপক্ষে দ্বিতীয় বিভাগ সহ উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১২। | মুখ্য সম্পাদক (উপস্থাপনা এবং মনিটরিং)— | .. | নিম্নলিখিত গ্রুপের পদ সমূহ হইতে পদোন্নতির মাধ্যমে, তবে (ক) গ্রুপের পদধারীগণ অগ্রাধিকার পাইবেন : (ক) অডিয়েন্স রিসার্চ অফিসার/স্ক্রিপট এণ্ড মনিটরিং এডিটর (গ্রেড-১) এবং (খ) অডিয়েন্স রিসার্চ অফিসার/স্ক্রিপট এণ্ড মনিটরিং এডিটর (গ্রেড-২) | এক বা একাধিক ফিডার পদে মোট কমপক্ষে ৭(সাত) বৎসরের চাকুরী। |
| ১৩। | অডিয়েন্স রিসার্চ অফিসার/স্ক্রীপট এণ্ড মনিটরিং এডিটর (গ্রেড-১)। | .. | অডিয়েন্স রিসার্চ অফিসার/স্ক্রীপট এণ্ড মনিটরিং এডিটর (গ্রেড-২) পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে কমপক্ষে ৪ (চার) বৎসরের চাকুরী। |
| ১৪। | অডিয়েন্স রিসার্চ অফিসার/স্ক্রীপট এণ্ড মনিটরিং এডিটর (গ্রেড-২) | অনূর্ধ ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে কমপক্ষে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। অথবা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |
| ১৫। | উপস্থাপন সম্পাদক-১টি | .. | অধিবেশন নিয়ন্ত্রক (গ্রেড-১) ও অধিবেশন নিয়ন্ত্রক (গ্রেড-২) পদ হইতে পদোন্নতির মাধ্যমে, তবে প্রথমোক্ত পদধারী অগ্রাধিকার পাইবেন। | এক বা একাধিক ফিডার পদে কমপক্ষে মোট ৭ (সাত) বৎসরের চাকুরী। |
| ১৬। | অধিবেশন নিয়ন্ত্রক (গ্রেড-১) | .. | অধিবেশন নিয়ন্ত্রক (গ্রেড-২) পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে কমপক্ষে ৪ (চার) বৎসরের চাকুরী। |



| | | | | |
|---|---|---|---|---|
| ১৭। | অধিবেশন নিয়ন্ত্রক (গ্রেড-২) | .. | (১) ট্রান্সমিশন/ভিটিআর রেকর্ড কিপার পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | (১) পদোন্নতির ক্ষেত্রে : ফিডার পদে কমপক্ষে ১০ (দশ) বৎসরের চাকুরী। |
| | | অনূর্ধ ৩০ বৎসর | (২) পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | (২) সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে কমপক্ষে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |
| ১৮। | ট্রান্সমিশন/ভিটিআর রেকর্ড কিপার। | .. | (১) এক তৃতীয়াংশ পদ ট্রান্সমিশন এ্যাসিসটেন্ট পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | (১) পদোন্নতির ক্ষেত্রে :— ফিডার পদে কমপক্ষে ০৩ (তিন) বৎসরের চাকুরী। |
| | | অনূর্ধ ৩০ বৎসর | (২) দুই তৃতীয়াংশ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | (২) সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে কমপক্ষে স্নাতক ডিগ্রী। |
| ১৯। | ট্রান্সমিশন এ্যাসিষ্ট্যান্ট | .. | ট্রান্সমিশন টাইপিষ্ট পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে কমপক্ষে ৩ (তিন) বৎসরের চাকুরী। |
| ২০। | ট্রান্সমিশন টাইপিষ্ট | | সংস্থাপন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত The Typist (Ministries, Divisions and attached Departments) Recruitment Rules, 1978 No. S.R.O. 275-L/78/ED/(R-II)R-10/78-63 এবং নং এস, আর, ও, ২৮৬-আইন/৮৭ সং ম:/বিধি-১/আর-৩০/৮৭, তারিখ ১৪-১২-৮৭ অনুযায়ী। | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | বাদ্যযন্ত্রী শাখা : | | | |
| ২১। | প্রযোজক (সংগীত) | .. | মিউজিক কম্পোজার/মুখ্য বাদ্যযন্ত্রী পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | এক বা একাধিক ফিডার পদে কমপক্ষে ০৩ (তিন) বৎসরের চাকুরী। |
| ২২। | মিউজিক কম্পোজার/মুখ্য বাদ্যযন্ত্রী। | .. | সিনিয়র বাদ্যযন্ত্রী পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে কমপক্ষে ৪ (চার) বৎসরের চাকুরী। |
| ২৩। | সিনিয়র বাদ্যযন্ত্রী | .. | বাদ্যযন্ত্রী পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে কমপক্ষে ০৩ (তিন) বৎসরের চাকুরী। |
| ২৪। | বাদ্যযন্ত্রী | অনুর্ধ ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃতিপ্রাপ্ত সংগীত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বাদ্যযন্ত্রে কমপক্ষে স্নাতক ডিগ্রী। |
| | মেকআপ শাখা: | | | |
| ২৫। | মুখ্য রূপকার | .. | সহকারী মুখ্য রূপকার পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে কমপক্ষে ০৩ (তিন) বৎসরের চাকুরী। |
| ২৬। | সহকারী মুখ্য রূপকার | .. | উর্ধতন রূপকার ও রূপকার পদ হইতে পদোন্নতির মাধ্যমে, তবে প্রথমোক্ত পদধারী অগ্রাধিকার পাইবেন। | উর্ধতন রূপকার পদে কমপক্ষে ০৩ (তিন) বৎসরের চাকুরী এবং রূপকার পদে কমপক্ষে ০৬ (ছয়) বৎসরের চাকুরী। |
| ২৭। | উর্ধতন রূপকার | .. | রূপকার ও মহিলা রূপকার পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | এক বা একাধিক ফিডার পদে কমপক্ষে ০৩ (তিন) বৎসরের চাকুরী। |
| ২৮। | রূপকার | .. | (ক) ½ পদ সহকারী মহিলা রূপকার পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে : ফিডার পদে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| | | অনুর্ধ ৩০ বৎসর | (খ) ½ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | (খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোন স্বীকৃতিপ্রাপ্ত শিক্ষাবোর্ড হইতে কমপক্ষে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং সংশ্লিষ্ট কাজে ০৫ (পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ২৯। | মহিলা রূপকার | .. | সহকারী মহিলা রূপকার পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে কমপক্ষে ০৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ৩০। | সহকারী মহিলা রূপকার | অনুর্ধ ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃতিপ্রাপ্ত শিক্ষাবোর্ড হইতে কমপক্ষে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং সংশ্লিষ্ট কাজে ৫ (পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| | শিল্প নির্দেশনা শাখা : | | | |
| ৩১। | পরিচালক (শিল্প নির্দেশনা) | .. | (১) নিয়ন্ত্রক/মুখ্য শিল্প নির্দেশক পদ হইতে পদোন্নতির মাধ্যমে।<br>(২) পদোন্নতির যোগ্য প্রার্থী না পাওয়া গেলে প্রেষণে বদলীর মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে : ফিডার পদে কমপক্ষে ০৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ৩২। | নিয়ন্ত্রক/মুখ্য শিল্প নির্দেশক | .. | (১) উর্ধতন শিল্প নির্দেশক পদ হইতে পদোন্নতির মাধ্যমে।<br>(২) পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে প্রেষণে বদলীর মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে : ফিডার পদে কমপক্ষে ০৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৩৩। | উর্ধতন শিল্প নির্দেশক | .. | নিম্নলিখিত গ্রুপের ফিডার পদসমূহ হইতে পদোন্নতির মাধ্যমে। তবে (ক) গ্রুপের পদ ধারীগণ অগ্রাধিকার পাইবেন :— (ক) শিল্প নির্দেশক/গ্রাফিক শিল্প নির্দেশক/দৃশ্যপটকার (গ্রেড-১), এবং (খ) শিল্প নির্দেশক/গ্রাফিক শিল্প নির্দেশক/দৃশ্যপটকার (গ্রেড-২)। | এক বা একাধিক ফিডার পদে কমপক্ষে ০৭ (সাত) বৎসরের চাকুরী। |
| ৩৪। | শিল্প নির্দেশক/গ্রাফিক শিল্প নির্দেশক/দৃশ্যপটকার (গ্রেড-১) | .. | শিল্প নির্দেশক/গ্রাফিক শিল্প নির্দেশক/দৃশ্যপটকার (গ্রেড-২) পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | এক বা একাধিক ফিডার পদে কমপক্ষে ০৪ (চার) বৎসরের চাকুরী। |
| ৩৫। | শিল্প নির্দেশক/গ্রাফিক শিল্প নির্দেশক/দৃশ্যপটকার (গ্রেড-২) | অনূর্ধ ৩৫ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন বিশ্ববিদ্যালয়ের স্বীকৃতিপ্রাপ্ত প্রতিষ্ঠান হইতে এম, এফ, এ ডিগ্রীপ্রাপ্ত অথবা ০২ (দুই) বৎসরের অভিজ্ঞতাসহ বি, এফ, এ, ডিগ্রীপ্রাপ্ত। |
| ৩৬। | সহকারী ডিজাইনার | .. | নিম্নলিখিত গ্রুপের পদসমূহ হইতে পদোন্নতির মাধ্যমে, তবে (ক) গ্রুপের পদ ধারীগণ অগ্রাধিকার পাইবেন : (ক) হেড কার্পেন্টার/বার্নিশ কার্পেন্টার ; এবং (খ) সেট সুপারভাইজার। | ৪ নং কলামের (ক) গ্রুপের এক বা একাধিক ফিডার পদে কমপক্ষে ০৪ (চার) বৎসরের চাকুরী অথবা ৪ নং কলামের (খ) গ্রুপের ফিডার পদে কমপক্ষে ০৮ (আট) বৎসরের চাকুরী। |
| ৩৭। | প্রপার্টি পারচেজ অফিসার | .. | (ক) সিনিয়র প্রপার্টি সহকারী পদ হইতে পদোন্নতির মাধ্যমে। (খ) পদোন্নতিযোগ্য সিনিয়র প্রপার্টি সহকারী না পাওয়া গেলে প্রপার্টি সহকারী পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে (ক) এর ক্ষেত্রে কমপক্ষে ০৪ (চার) বৎসরের চাকুরী এবং (খ) এর ক্ষেত্রে ০৭ (সাত) বৎসরের চাকুরী। |



| | | | | |
|---|---|---|---|---|
| ৩৮। | সিনিয়র প্রপার্টি সহকারী | .. | প্রপার্টি সহকারী পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে কমপক্ষে ০৩ (তিন) বৎসরের চাকুরী। |
| ৩৯। | প্রপার্টি সহকারী | অনূর্ধ ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে কমপক্ষে স্নাতক ডিগ্রী। |
| ৪০। | ওয়ার্ড্রোব পারচেজ অফিসার/ সিনিয়র ওয়ার্ড্রোব সহকারী | .. | ওয়ার্ড্রোব সহকারী পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে কমপক্ষে ০৩ (তিন) বৎসরের চাকুরী। |
| ৪১। | ওয়ার্ড্রোব সহকারী | অনূর্ধ ৩০বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যাল হইতে কমপক্ষে স্নাতক ডিগ্রী। |
| ৪২। | হেড কার্পেন্টার | .. | সিনিয়র কার্পেন্টার পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে কমপক্ষে ৩(তিন) বৎসরের চাকুরী। |
| ৪৩। | সিনিয়র কার্পেন্টার | .. | কার্পেন্টার পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে কমপক্ষে ৩ (তিন) বৎসরের চাকুরী। |
| ৪৪। | কার্পেন্টার | .. | (ক) দুই তৃতীয়াংশ পদ সেট সংস্থাপক পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে :— ফিডার পদে কমপক্ষে ৩(তিন) বৎসরের চাকুরী। |
| | | অনূর্ধ ৩০বৎসর | (খ) এক তৃতীয়াংশ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | (খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে :— কমপক্ষে অষ্টম শ্রেণী পাস এবং স্বীকৃত প্রতিষ্ঠান হইতে কার্পেন্টারীতে সার্টিফিকেট প্রাপ্ত। |
| ৪৫। | বার্নিশ কার্পেন্টার | .. | সিনিয়র পেইন্টার পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে কমপক্ষে ৩(তিন) বৎসরের চাকুরী। |
| ৪৬। | সিনিয়র পেইন্টার | .. | পেইন্টার পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে কমপক্ষে ৩(তিন) বৎসরের চাকুরী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৪৭। | পেইন্টার | .. | পেইন্টিং সহকারী পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে কমপক্ষে ৩(তিন) বৎসরের চাকুরী। |
| ৪৮। | পেইন্টিং সহকারী | .. অনূর্ধ ৩৫ বৎসর | (ক) ৫০% পদ সেট সংস্থাপক পদ হইতে পদোন্নতির মাধ্যমে।<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে :—<br>ফিডার পদে কমপক্ষে ৩(তিন) বৎসরের চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে :—<br>কোন স্বীকৃতিপ্রাপ্ত শিক্ষাবোর্ড হইতে কমপক্ষে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষার পাস এবং কোন বিজ্ঞাপনী সংস্থায় পেইন্টিং কাজে ৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতা। |
| ৪৯। | সেট সুপারভাইজার | .. | সেট সংস্থাপন পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে কমপক্ষে ৩(তিন) বৎসরের চাকুরী। |
| ৫০। | সেট সংস্থাপক | .. | নিম্নলিখিত গ্রুপের পদসমূহ হইতে পদোন্নতির মাধ্যমে, তবে (ক)-তে উল্লিখিত পদধারী অগ্রাধিকার পাইবেন।<br>(ক) সিনিয়র মঞ্চ সহায়ক<br>(খ) মঞ্চ সহায়ক এবং কস্টিউম আইরনার | ফিডার পদে (ক) গ্রুপের ক্ষেত্রে কমপক্ষে ৩(তিন) বৎসরের চাকুরী এবং (খ) গ্রুপের ক্ষেত্রে ৫(পাঁচ) বৎসরের চাকুরী। |
| ৫১। | সিনিয়র মঞ্চ সহায়ক | .. | মঞ্চ সহায়ক পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে কমপক্ষে ৩(তিন) বৎসরের চাকুরী। |
| ৫২। | মঞ্চ সহায়ক | অনূর্ধ ৩০বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কমপক্ষে অষ্টম শ্রেণী পাস এবং কার্পেন্ট্রী কাজে বাস্তব অভিজ্ঞতার সার্টিফিকেট। |
| ৫৩। | কস্টিউম আইরনার | ঐ | ঐ | কমপক্ষে অষ্টম শ্রেণী পাস এবং কস্ত্রী কাজে বাস্তব অভিজ্ঞতার সার্টিফিকেট। |



| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| [illegible] | (খ) [illegible] | ঐ | ঐ | কোন স্বীকৃতিপ্রাপ্ত শিক্ষা বোর্ড হইতে কমপক্ষে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হইতে দর্জি বিজ্ঞান বিষয়ে সার্টিফিকেট প্রাপ্ত এবং দর্জির কাজে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা। |
| ৫৫। | অনুষ্ঠান ক্রয় বিক্রয় ম্যানেজার। | অনূর্ধ ৩০বৎসর | (ক) শিপিং এবং ক্রয় বিক্রয় নির্বাহী পদ হইতে পদোন্নতির মাধ্যমে।<br>(খ) পদোন্নতির যোগ্য প্রার্থী না পাওয়া গেলে প্রেষণে বদলীর মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে :—<br>ফিডার পদে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ৫৬। | শিপিং এবং ক্রয় নির্বাহী। | .. | শিপিং অফিসার পদে হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে কমপক্ষে ৭(সাত) বৎসরের চাকুরী। |
| ৫৭। | শিপিং অফিসার | .. অনূর্ধ ৩০বৎসর | (ক) উচ্চমান সহকারী (শিপিং) পদ হইতে পদোন্নতির মাধ্যমে।<br>(খ) পদোন্নতির যোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে :—<br>ফিডার পদে কমপক্ষে ১২(বার) বৎসরের চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে :—<br>কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে যে কোন বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |
| ৫৮। | উচ্চমান সহকারী (শিপিং) | .. | এলডিএ-কাম-টাইপিষ্ট পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে কমপক্ষে ৩(তিন) বৎসরের চাকুরী। |
| ৫৯। | [illegible] | অনূর্ধ ৩০বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কমপক্ষে অষ্টম শ্রেণী পাস। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৬০। | ম্যানেজার (ডিভিশন এণ্ড ফিল্ম এডিটিং)। | অনুর্ধ ৩০বৎসর | (ক) মুখ্য চলচ্চিত্র সম্পাদক পদ হইতে পদোন্নতির মাধ্যমে।<br>(খ) পদোন্নতির যোগ্য প্রার্থী না পাওয়া গেলে প্রেষণে বদলীর মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে:--<br>ফিডার পদে কমপক্ষে ৫(পাঁচ) বৎসরের চাকুরী। |
| ৬১। | মুখ্য চলচ্চিত্র সম্পাদক | .. | উর্ধতন চলচ্চিত্র সম্পাদক (গ্রেড-১) ও উর্ধতন চলচ্চিত্র সম্পাদক (গ্রেড-২) পদ হইতে পদোন্নতির মাধ্যমে, তবে প্রথমোক্ত পদধারীগণ অগ্রাধিকার পাইবেন। | এক বা একাধিক ফিডার পদে কমপক্ষে মোট ৭(সাত) বৎসরের চাকুরী। |
| ৬২। | উর্ধতন চলচ্চিত্র সম্পাদক (গ্রেড-১) | .. | উর্ধতন চলচ্চিত্র সম্পাদক (গ্রেড-২) পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে কমপক্ষে ৪(চার) বৎসরের চাকুরী। |
| ৬৩। | উর্ধতন চলচ্চিত্র সম্পাদক (গ্রেড-২) | .. | চলচ্চিত্র সম্পাদক পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে কমপক্ষে ৩(তিন) বৎসরের চাকুরী। |
| ৬৪। | চলচ্চিত্র সম্পাদক | .. | (ক) সহকারী চলচ্চিত্র সম্পাদক পদ হইতে পদোন্নতির মাধ্যমে।<br>(খ) পদোন্নতিযোগ্য সহকারী চলচ্চিত্র সম্পাদক না পাওয়া গেলে প্রজেক্টর অপারেটর, চলচ্চিত্র সংযোজক-কাম-প্রজেক্টর অপারেটর, চলচ্চিত্র সংযোজক পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে ৪নং কলামের (ক) এর ক্ষেত্রে কমপক্ষে ৪(চার) বৎসর এবং (খ) এর ক্ষেত্রে কমপক্ষে ৬(ছয়) বৎসরের চাকুরী। |
| ৬৫। | সহকারী চলচ্চিত্র সম্পাদক | .. | চলচ্চিত্র সংযোজক-কাম-প্রজেক্টর অপারেটর/প্রজেক্ট অপারেটর/চলচ্চিত্র সংযোজক পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | এক বা একাধিক ফিডার পদে কমপক্ষে ৩(তিন) বৎসরের চাকুরী। |



| | | | | |
|---|---|---|---|---|
| ৬৬। | (ক) প্রজেক্টর অপারেটর<br>(খ) চলচ্চিত্র সংযোজক কাম-প্রজেক্টর অপারেটর।<br>(গ) চলচ্চিত্র সংযোজক | অনুর্ধ ৩৫বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃতিপ্রাপ্ত শিক্ষা বোর্ড হইতে কমপক্ষে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় পাস এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। সংশ্লিষ্ট সংস্থা হইতে প্রদত্ত সার্টিফিকেটধারীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| | ল্যাবরেটরী শাখা : | | | |
| ৬৭। | ম্যানেজার-(ল্যাবরেটরী) | .. | (ক) গবেষণাগার নিয়ন্ত্রক পদ হইতে পদোন্নতির মাধ্যমে।<br>(খ) পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে প্রেষণে বদলীর মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে;<br>ফিডার পদে কমপক্ষে ৫(পাঁচ) বৎসরের চাকুরী। |
| ৬৮। | গবেষণাগার নিয়ন্ত্রক | .. | (ক) সহকারী গবেষণাগার নিয়ন্ত্রক পদ হইতে পদোন্নতির মাধ্যমে।<br>(খ) পদোন্নতি যোগ্য প্রার্থী না পাওয়া গেলে প্রেষণে বদলীর মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে:--<br>ফিডার পদে কমপক্ষে ৭(সাত) বৎসরের চাকুরী। |
| ৬৯। | সহকারী গবেষণাগার নিয়ন্ত্রক | .. | (ক) সিনিয়র ল্যাব: টেকনিসিয়ান পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে :<br>ফিডার পদে কমপক্ষে ০৬ (ছয়) বৎসরের চাকুরী। |
| | | অনুর্ধ ৩০ বৎসর | (খ) পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | (খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে :<br>কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয়, হইতে কমপক্ষে রসায়ন বিদ্যায় প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |
| ৭০। | সিনিয়র ল্যাব: টেকনিসিয়ান | .. | ল্যাব: টেকনিশিয়ান পদ হইতে পদোন্নতির মাধ্যমে | ফিডার পদে কমপক্ষে ৩(তিন) বৎসরের চাকুরী। |
| ৭১। | ল্যাব: টেকনিসিয়ান। | .. | ডেভেলপার/প্রিন্টার পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | এক বা একাধিক ফিডার পদে কমপক্ষে ৩ (তিন) বৎসরের চাকুরী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১২। | ডেভেলপার/প্রিন্টার | অনূর্ধ্ব ৩৫ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃতিপ্রাপ্ত শিক্ষা বোর্ড হইতে কমপক্ষে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষার পাস এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। কোন সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/পেশাদার সংগঠন হইতে সার্টিফিকেটধারীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| | ক্যামেরা শাখা : | | | |
| ১৩। | পরিচালক (ফটোগ্রাফী) | .. | (ক) নিয়ন্ত্রক/মুখ্য চিত্রগ্রাহক (অনুষ্ঠান) এবং মুখ্য চিত্রগ্রাহক (বার্তা) পদ হইতে পদোন্নতির মাধ্যমে।<br>(খ) পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে প্রেষণে বদলীর মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে :<br>এক বা একাধিক ফিডার পদে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ১৪। | (ক) নিয়ন্ত্রক/মুখ্য চিত্রগ্রাহক (অনুষ্ঠান)<br>(খ) মুখ্য চিত্রগ্রাহক (বার্তা) | .. | (ক) উর্ধতন চিত্রগ্রাহক (অনুষ্ঠান)/উর্ধতন চিত্রগ্রাহক (বার্তা) পদ হইতে পদোন্নতির মাধ্যমে।<br>(খ) পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে প্রেষণে বদলীর মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে :<br>এক বা একাধিক ফিডার পদে কমপক্ষে ০৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ১৫। | উর্ধতন চিত্রগ্রাহক (অনুষ্ঠান)/উর্ধতন চিত্রগ্রাহক (বার্তা) | .. | চিত্রগ্রাহক (গ্রেড-১) ও চিত্রগ্রাহক (গ্রেড-২) পদ হইতে পদোন্নতির মাধ্যমে, তবে প্রথমোক্ত পদধারীগণ অগ্রাধিকার পাইবেন। | এক বা একাধিক ফিডার পদে কমপক্ষে মোট ০৭ (সাত) বৎসরের চাকুরী। |
| ১৬। | চিত্রগ্রাহক (গ্রেড-১) | .. | চিত্রগ্রাহক (গ্রেড-২) পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে কমপক্ষে ০৪ (চার) বৎসরের চাকুরী। |
| ১৭। | চিত্রগ্রাহক (গ্রেড-২) | .. | (ক) ২৫% পদের ½ পদ সহকারী চিত্রগ্রাহক (অনুষ্ঠান)/সহকারী চিত্রগ্রাহক (বার্তা) পদ হইতে এবং অবশিষ্ট ½ পদ স্থির চিত্রগ্রাহক পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে :<br>সহকারী চিত্রগ্রাহক (বার্তা) বা সহকারী চিত্রগ্রাহক (অনুষ্ঠান) পদে কমপক্ষে ০৩ (তিন) বৎসরের চাকুরী এবং স্থির চিত্রগ্রাহক পদে কমপক্ষে ০৬ (ছয়) বৎসরের চাকুরী। |
| | | অনূর্ধ্ব ৩০ বৎসর | (খ) ৭৫% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | (খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে :<br>কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে কমপক্ষে দ্বিতীয় বিভাগে স্নাতক ডিগ্রীসহ ০২ (দুই) বৎসরের অভিজ্ঞতা। |
| | | | (গ) বিধি ৫(৩) অনুসারে (গ্রেড-১ এবং গ্রেড-২) উভয়ের মোট পদ একত্রে হিসাব করিয়া উপরোক্ত কোটা নির্ধারণ করিতে হইবে। | |
| ১৮। | সহকারী চিত্রগ্রাহক (অনুষ্ঠান)/সহকারী চিত্রগ্রাহক (বার্তা)। | .. | (ক) ৫০% পদ সিনিয়র লাইটিং সহকারী ও লাইটিং সহকারী পদ হইতে পদোন্নতির মাধ্যমে, তবে প্রথমোক্ত পদধারীগণ অগ্রাধিকার পাইবেন।<br>(খ) ৫০% পদ সিনিয়র ক্যামেরাম্যান সহকারী ও ক্যামেরাম্যান সহকারী পদ হইতে পদোন্নতির মাধ্যমে, তবে প্রথমোক্ত পদধারীগণ অগ্রাধিকার পাইবেন। | (ক) সিনিয়র লাইটিং সহকারী পদে কমপক্ষে ০৫ (পাঁচ) বৎসর, লাইটিং সহকারী পদে ১১ (এগার) বৎসরের চাকুরী।<br>(খ) সিনিয়র ক্যামেরাম্যান সহকারী পদে কমপক্ষে ১০ (দশ) বৎসর, ক্যামেরাম্যান সহকারী পদে ১৫ (পনের) বৎসরের চাকুরী। |
| ১৯। | স্থির চিত্রগ্রাহক | .. | (ক) এক তৃতীয়াংশ পদ ডার্করুম সহকারী পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে :<br>ফিডার পদে কমপক্ষে ০৩ (তিন) বৎসরের চাকুরী। |
| | | অনূর্ধ্ব ৩৫ বৎসর | (খ) দুই-তৃতীয়াংশ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | (খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে :<br>কোন স্বকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে কমপক্ষে বিজ্ঞান বিভাগে স্নাতক ডিগ্রীসহ সংশ্লিষ্ট বিষয়ে ৫ (পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৮০। | ডার্করুম সহকারী | অনূর্ধ ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ এবং সংশ্লিষ্ট বিষয়ে ০৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ৮১। | সিনিয়র লাইটিং সহকারী | ঐ | লাইটিং সহকারী পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে কমপক্ষে ০৬ (ছয়) বৎসরের চাকুরী। |
| ৮২। | লাইটিং সহকারী | অনূর্ধ ৩৫ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃতিপ্রাপ্ত ভকেশনাল ট্রেনিং ইনষ্টিটিউট বা টেকনিক্যাল ট্রেনিং সেন্টার বা কোন সরকারী টেকনিক্যাল ইনষ্টিটিউট হইতে ইলেকট্রিক্যাল কোর্সে ট্রেড সার্টিফিকেটধারী। |
| ৮৩। | সিনিয়র ক্যামেরাম্যান সহকারী। | ঐ | ক্যামেরাম্যান সহকারী পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে কমপক্ষে ০৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ৮৪। | ক্যামেরাম্যান সহকারী | ঐ<br><br>অনূর্ধ ৩০ বৎসর | (ক) ৭৫% পদ এস, এল, এস, এস এবং ক্যামেরা ইকুইপমেন্ট ক্লিনার পদ হইতে পদোন্নতির মাধ্যমে।<br>(খ) ২৫% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে: এক বা একাধিক ফিডার পদে কমপক্ষে ০৪ (চার) বৎসরের চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে: কোন স্বীকৃতিপ্রাপ্ত শিক্ষা বোর্ড হইতে কমপক্ষে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৮৫। | ক্যামেরা ইকুইপমেন্ট ক্লিনার | অনূর্ধ ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কমপক্ষে অষ্টম শ্রেণী পাস। |



বার্তা শাখা :

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৮৬। | উপ-মহা পরিচালক (বার্তা) | ঐ | (ক) পরিচালক (বার্তা)/মুখ্য বার্তা সম্পাদক পদ হইতে পদোন্নতির মাধ্যমে।<br>(খ) পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে প্রেষণে বদলীর মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে: এক বা একাধিক ফিডার পদে কমপক্ষে ০৩ (তিন) বৎসরের চাকুরী। |
